দৈনিক বাংলা

তারিখ ... ৪।৯।৮২ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

# আজ বিশ্ব সাক্ষরতা দিবস

(স্টাফ রিপোর্টার)

আজ ৮ই সেপ্টেম্বর—বিশ্ব সাক্ষরতা দিবস। দিবসটি উদযাপনের জন্যে সরকারী ও বেসরকারী পর্যায়ে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে।

বিশ্বের জনগোষ্ঠিকে নিরক্ষরতার অভিশাপ থেকে মুক্ত করার লক্ষ্যে প্রতি বছর সব দেশে এই দিনটি মর্যাদার সঙ্গে উদযাপন করা হয়।

সর্বজনীন শিক্ষার অভাবে পৃথিবীর প্রায় ৮১ কোটি মানুষ আজ নিরক্ষর। ইউনেস্কোর এক রিপোর্টে বলা হয়েছে ১৯৯০ সালে নিরক্ষরের সংখ্যা ৮৮ কোটি ছাড়িয়ে যাবে। রিপোর্টে আরও বলা হয়েছে যে প্রতি বছরই

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

(১ম পৃঃ পর)

বিশ্বে নিরক্ষর লোকের সংখ্যা বাড়ছে। ১৯৭০ সালে নিরক্ষরের সংখ্যা ছিল ৭৪ কোটি।

জাতিসংঘের সাম্প্রতিক এক রিপোর্টে উল্লেখ করা হয়েছে যে বাংলাদেশে পুরুষদের ৫৩ ভাগ এবং মহিলাদের ৮৭ ভাগ নিরক্ষর। ৮০ সালে পৃথিবীর মোট পুরুষ সংখ্যার ২৩ ভাগ ও মহিলাদের ৩৫ ভাগ ছিল নিরক্ষর।

জাতিসংঘ ইউনেস্কো এবং জাতিসংঘের বিভিন্ন সংস্থা বিশ্বব্যাপী নিরক্ষরতা মুক্ত করতে সব সময়ই বিশেষ গুরুত্ব আরোপ করে আসছে।

সাক্ষরতা দিবসে শিক্ষা ও ধর্মবিষয়ক মন্ত্রণালয় আজ বেলা সাড়ে এগারটায় ঢাকা শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়ে আলোচনা সভার আয়োজন করেছে। শিক্ষা ও ধর্মবিষয়ক মন্ত্রী ডঃ আবদুল মজিদ খান সভায় প্রধান অতিথি থাকবেন। [illegible] করবেন শিক্ষা সচিব জনাব জালালউদ্দীন আহমদ।

ক্রিসেন্ট সোসাইটির [illegible] বিকেল পাঁচটায় ৩৯, পুরানা পল্টনে সংগঠনের কেন্দ্রীয় কার্যালয়ে এক আলোচনা সভা [illegible]। দিনটি পালনের জন্য [illegible] মহিলা পরিষদ বিকেল [illegible] সিতে এক অনুষ্ঠানের আয়োজন করেছে।

এছাড়াও বাংলাদেশ [illegible] ইউনিয়ন, স্বনির্ভর বাংলাদেশ, বাংলাদেশ গণশিক্ষা সমিতি ও পল্লী সম্পদ ব্যবহার শিক্ষা কেন্দ্র যৌথভাবে কর্মসূচী নিয়েছে। এতে রয়েছে মতিঝিল সমবায় সদনে গণসাক্ষরতা সম্পর্কিত উপকরণের প্রদর্শনী আদর্শ শিক্ষা মডেল ক্লাস এবং আলোচনা সভা।